**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ডঃ বি আর আম্বেদকরের আদর্শে অনুপ্রাণিত হয়ে কেন্দ্র ও রাজ্য সরকার তপশিলি জাতি ও অন্যান্য পশ্চাদপদ শ্রেণীর উন্নয়ন ও মহিলা সশক্তিকরণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে চলেছে।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা আলিম ও মাদ্রাসা ফাজিল পরীক্ষার ফলাফল আগামী ৩০ এপ্রিল প্রকাশিত হবে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত অনুষ্ঠানে পদ্ম পুরস্কার প্রদান করেন।**

**(৪) ভারত আজ ফ্রান্সের সঙ্গে ২৬টি রাফায়েল মেরিন যুদ্ধবিমান কেনার জন্য একটি প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করেছে।**

*********************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সংবিধান প্রনেতা ডঃ বি আর আম্বেদকরের ভাবনা ও আদর্শে অনুপ্রাণিত হয়ে কেন্দ্র ও রাজ্য সরকার তপশিলি জাতি ও অন্যান্য পশ্চাদপদ শ্রেণীর উন্নয়ন ও মহিলা স্বশক্তিকরণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে চলেছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন ও তপশিলি জাতি কল্যাণ দপ্তর আয়োজিত ডঃ বি আর আম্বেদকরের ১৩৫তম জন্মজয়ন্তী উদযাপনের সপ্তাহব্যাপী অনুষ্ঠানের শেষ দিনে আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন রাজ্য সরকার তপশিলি জাতি ভুক্ত ও

অন্যান্য পশ্চাদপদ শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য প্রি মেট্রিক, পোস্ট মেট্রিক স্কলারশিপ চালু করেছে। তাছাড়া প্রধানমন্ত্রী অজয় যোজনার অন্তর্গত বিভিন্ন তপশিলি জাতি অধুষিত গ্রামগুলিতে সোলার লাইট বসানো, সীমানার প্রাচীর নির্মাণ, পাকা নর্দমা নির্মাণ ইত্যাদি কাজগুলি করে চলেছে। মুখ্যমন্ত্রী বলেন কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী জন ধন যোজনা, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার মাধ্যমে সমাজে পিছিয়ে পড়া শ্রেণী ও মহিলাদের আত্মনির্ভর করে তোলার প্রয়াস চলেছে।

#######Byte-CM#######

অনুষ্ঠানে ড: আম্বেদকরের জীবনাদর্শ নিয়ে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য। আজকের আলোচনার মূল বিষয় ছিল ডঃ বি আর আম্বেদকর ও সামাজিক ন্যায় বিচার।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা আলিম ও মাদ্রাসা ফাজিল পরীক্ষার ফলাফল আগামী ৩০ এপ্রিল দুপুর ১২টায় প্রকাশিত হবে। পর্ষদ সচিব দুলাল দে আজ খবর জানিয়েছেন।

**************************

**Packege Story-WAVES :**

ওয়ার্ল্ড অডিও ভিসুয়াল এন্ড এন্টারটেইনমেন্ট সামিট বা ওয়েভস শুরু হতে চলেছে আগামী পয়লা মে থেকে মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টার এবং জিও ওয়ার্ল্ড গার্ডেন্স-এ। এই ওয়েভস সামিট মূলত চারটি মূল স্তম্ভের উপর ভিত্তি করে মিডিয়া ও বিনোদন জগতের নেতৃস্থানীয় ব্যক্তিত্ব, নির্মাতা ও প্রযুক্তিবিদদের একত্রিত করবে এবং ভারতের বিনোদন শিল্পের ভবিষ্যৎকে উপস্থাপনা করবে। এই নিয়ে আমাদের প্রতিনিধি রাহুল লোধের একটি প্রতিবেদন।

#########VC#########

*******************************

**Waves :**

ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট-ওয়েভস ২০২৫-এর 'ক্রিয়েট ইন ইন্ডিয়া চ্যালেঞ্জ' এর প্রথম পর্বে ৪২টি অ্যানিমেশন চলচ্চিত্রকে বাছাই করা হয়েছে। অ্যানিমেশন চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে এগুলি প্রদর্শিত হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সঙ্গে যৌথভাবে ড্যান্সিং অ্যাটমস স্টুডিও যৌথভাবে জাতীয় স্তরের এই প্রতিযোগিতার আয়োজন করেছে। এর মূল উদ্দেশ্য সৃজনশীল প্রতিভাদের সঙ্গে অসামান্য ব্যক্তিত্ব, প্রযোজক, পরিবেশক এবং চলচ্চিত্র শিল্পের বিশিষ্ট জনেদের মধ্যে যোগসূত্র গড়ে তোলা।

প্রচলিত অ্যানিমেশন ছবি, ভিএফএক্স, অগমেনটেড রিয়েলিটি, ভার্চুয়াল রিয়েলিটি সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে যে প্রকল্পগুলি প্রতিযোগিতায় অংশ নিয়েছে, গত ৯ মাস ধরে সেগুলি মূল্যায়ন করা হয়েছে। এখান থেকে সেরা ৪২টি প্রকল্পকে বাছাই করা হয়েছে। এর মধ্যে রয়েছে ১২টি কাহিনীচিত্র, ১৮টি স্বল্প দৈর্ঘ্যের ছবি, ৯টি অ্যানিমেশন, টিভি সিরিজ এবং ৩টি অগমেনটেড রিয়েলিটি ও ভার্চুয়াল রিয়েলিটির প্রকল্প। বাছাই করা ৪২টি চলচ্চিত্রই সংশ্লিষ্ট শিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিত্বদের কাছে উপস্থাপন করা হবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Padma Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত পদ্ম পুরষ্কার প্রদান করেন। দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কারগুলির মধ্যে একটি পদ্ম পুরষ্কার পদ্ম বিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী এই ৩টি বিভাগে প্রদান করা হয়। পুরষ্কারপ্রাপ্তদের মধ্যে রয়েছেন ডি নাগেশ্বর রেড্ডি, যিনি চিকিৎসা ক্ষেত্রে অবদানের জন্য পদ্মবিভূষণে ভূষিত হয়েছেন, জাপানের ওসামু সুজুকি মরণোত্তর পদ্মবিভূষণে ভূষিত হয়েছেন। শেখর কাপুর, পিআর শ্রীজেশ, এস অজিত কুমার পদ্মভূষণ পেয়েছেন। ক্রিকেটার রবিচন্দ্রন অশ্বিন, প্রাক্তন এসবিআই চেয়ারম্যান অরুন্ধতী ভট্টাচার্যকে পদ্মশ্রী প্রদান করা হয়েছে। রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ অরুণোদয় সাহাও আজ রাষ্ট্রপতির হাত থেকে পদ্মশ্রী পুরস্কার গ্রহণ করেন।

#######Byte#######

শিল্প, সমাজকর্ম, জনসাধারণের বিষয়ক, বিজ্ঞান ও প্রকৌশল, বাণিজ্য ও শিল্প, চিকিৎসা, সাহিত্য ও শিক্ষা, ক্রীড়া এবং নাগরিক সেবা সহ বিভিন্ন শাখা এবং কর্মকাণ্ডে এই পুরষ্কার প্রদান করা হয়েছে। অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় মন্ত্রী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

****************************

**Rafale :**

ভারত আজ ফ্রান্সের সঙ্গে ২৬টি রাফায়েল মেরিন যুদ্ধবিমান কেনার জন্য একটি প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করেছে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং ফ্রান্সের সশস্ত্র বাহিনীর মন্ত্রী সেবাস্তিয়ান লেকর্নু নতুনদিল্লিতে আন্তঃসরকারি

চুক্তি স্বাক্ষর করেছেন। ২৬টি রাফায়েল মেরিন বিমানের মধ্যে ২২টি একক আসনের এবং চারটি দ্বি আসনের হবে এবং এগুলি ভারতীয় নৌবাহিনীর প্রয়োজন অনুসারে ডিজাইন এবং প্রস্তুত করা হবে। এই বিমানগুলির সরবরাহ ২০৩০ সালের মধ্যে সম্পন্ন হবে।

এই চুক্তিটি অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের জন্য হাজার হাজার কর্মসংস্থান এবং রাজস্ব সৃষ্টি করবে বলে আশা করা হচ্ছে।

নতুনদিল্লির নৌসেনা ভবনে প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিংয়ের উপস্থিতিতে ভারতীয় ও ফরাসি কর্মকর্তারা চুক্তির স্বাক্ষরিত কপি, বিমান প্যাকেজ সরবরাহ প্রোটোকল এবং অস্ত্র প্যাকেজ সরবরাহ প্রোটোকল বিনিময় করেন। রাফায়েল মেরিন বিমানের অন্তর্ভুক্তির ফলে নৌবাহিনীর শক্তি বহুগুণ বৃদ্ধি পাবে এবং এই যুদ্ধবিমানগুলি আইএনএস বিক্রমাদিত্য এবং আইএনএস বিক্রান্তের মতো বিমানবাহী রণতরীতে মোতায়েন করা হবে।

****************************

**Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলার মঠচৌমুহনী বাজার মৎস্যজীবি সমিতির ত্রিবার্ষিক সম্মেলনের উদ্বোধন করেন। সন্মেলন শুরুর আগে কাশ্মীরের পহেলগাঁও-এ জঙ্গি হামলার ঘটনায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়। সন্মেলনে মৎস্যজীবি সমিতির বিভিন্ন দাবী দাওয়া নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

***************************

**Deputation :**

DYFI এবং TYF এর যৌথ উদ্যোগে আজ কৈলাশহরে মিছিল ও জেলা শাসকের কাছে ছয় দফা দাবি সম্বলিত স্মারকপত্র পেশ করা হয়। দাবিগুলোর মধ্যে রয়েছে, অবিলম্বে বিভিন্ন দপ্তরের শূন্য পদগুলো পূরণ করা, মাদক ব্যবসা ও মাদক সেবনকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ ইত্যাদি। পরে এক জমায়েতে দাবিগুলোর সমর্থনে বক্তব্য রাখেন DYFI এর

রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, TYF এর রাজ্য সভাপতি কৌশিক দেববর্মণ প্রমুখ।

*******************************

**Road Safety :**

সড়ক নিরাপত্তা নিয়ে আজ কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত পুলিশ সুপার ভি,দারলং, কৈলাশহর ও কুমারঘাটের মহকুমা শাসকদ্বয়। বৈঠক শেষে জেলা পরিবহণ আধিকারিক তরুণ বিকাশ তালুকদার জানান, সড়ক দুর্ঘটনা কমানো, দুর্ঘটনা প্রবণ এলাকা চিহ্নিতকরণ, নজরদারী বাড়ানো ইত্যাদি বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

*****************************

**Under-15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ ক্রিকেটের চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ আজ বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছে। আগামীকাল পুনরায় ওই চারটি ম্যাচ হবে বলে টিসিএ থেকে জানানো হয়।

****************************

**Master Cricket :**

প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনাল ম্যাচটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছে। আজ ত্রিপুরা ও মেঘালয়ের মধ্যে সেমিফাইনাল হওয়ার কথা ছিল।

**************************

**Weather :**

আগামী ৪৮ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, খোয়াই এবং সিপাহীজলা জেলায় ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের

সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া আগামী ৩০শে এপ্রিল থেকে পয়লা মে পর্যন্ত উত্তর জেলা, ঊনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম জেলায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া তৎসঙ্গে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল রাজ্যে তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রী সেলসিয়াস।

*************************